আজকের কাগজ

১০৭

তারিখ 23 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমস্যা নিরসনে একযোগে কাজ করার আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজ উদ্দিন আহমদ পারস্পরিক শ্রদ্ধার সঙ্গে মিলেমিশে বিশ্ববিদ্যালয়ের সকল সমস্যা নিরসনে একযোগে কাজ করার জন্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি শনিবার টিএসসি মিলনায়তনে উপাচার্যের দায়িত্বপ্রাপ্তির পর প্রথমবারের মতো বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উদ্দেশে এক ভাষণে উপরোক্ত আবেদন জানান।

উপাচার্য বলেন, সাড়ে সাতশ একরের ওপর প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের ৬০ শতাংশ বিদেশী প্রশিক্ষণ নিয়ে এবং প্রায় ১২ শতাংশ শিক্ষক বিশ্বমান বজায় রেখে যে সৃজনশীলতার পরিচয় দিয়েছেন তা দিয়ে এই বিশ্ববিদ্যালয়ের সব সমস্যার নিরসন সম্ভব।

তিনি আরও বলেন, "জাতীয় গর্ব ও গৌরবের এই শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানকে আরও উর্বর করতে পারলে আমরা জাতীয় সমস্যাও নিরসন করতে পারবো বলে আমি বিশ্বাস করি। সংবাদ বিজ্ঞপ্তি।